

💵 আল-লুলু ওয়াল মারজান

হাদিস নাম্বারঃ ৪৫৭

৬/ মুসাফির ব্যক্তির সালাত ও তা ক্নসর করার বর্ণনা (کتاب صلاة المسافرین وقصرها) পরিচ্ছেদঃ ৬/৩৫. মক্কাহ বিজয়ের দিন রাসূলুল্লাহ (ﷺ) এর সূরাহ ফাতহ্ পড়ার বর্ণনা।

ذكر قراءة النبي صلَّى اللَّهُ عَلَيْهِ وَسلَّمَ سورة الفتح يوم فتح مكة

আরবী

حديث عَبْدِ اللهِ بْنِ مُغَفَّلٍ، قَالَ: رَأَيْتُ رَسُولَ اللهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَوْمَ فَتْحِ مَكَّةَ عَلَى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَوْمَ فَتْحِ مَكَّةَ عَلَى نَافَتِهِ وَهُوَ يَقْرَأُ سُورَةَ الْفَتْح، يُرَجِّعُ، قَالَ: لَوْلاَ أَنْ يَجْتَمِعَ النَّاسُ حَوْلِي لَرَجَّعْتُ كَمَا رَجَّعَ

বাংলা

৪৫৭. আবদুল্লাহ ইবনু মুগাফফাল (রাযি.) হতে বর্ণিত। তিনি বলেন, মক্কাহ বিজয়ের দিন আমি আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে তাঁর উটনীর উপর দেখেছি, তিনি 'তারজী' করে সূরাহ ফাৎহ তিলাওয়াত করছেন। বর্ণনাকারী মু'আবিয়া ইবনু কুররা (রহ.) বলেন, যদি আমার চারপাশে লোকজন জমায়েত হওয়ার আশঙ্কা না থাকত, তা হলে 'উবাইদুল্লাহ ইবনু মুগাফফাল (রাযি.) আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর তিলাওয়াত বর্ণনা করতে যেভাবে তারজী করেছিলেন আমিও ঠিক সে রকমে তারজী করে তিলাওয়াত করতাম।

ফুটনোট

সহীহুল বুখারী, পূর্ব ৬৪ : মাগাযী, অধ্যায় ৪৮, হাঃ ৪২৮১; মুসলিম, পর্ব ৬; মুসাফির ব্যক্তির সালাত ও তা সর করার বর্ণনা, অধ্যায় ৩৫, হাঃ ৭৯৪

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু মুগাফফাল (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন